

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৪২৫৮

বিষয়: চট্টগ্রামে কুতুবদিয়া/বহিনোঙ্গারে আমদানিকৃত গমবাহী MV. LOWLANDS PATRASCHÉ জাহাজ হতে
মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম এর ঠিকাদারের মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে মোট ২,৬৫০ মে.টন ঢালা গম পরিবহনের
অনুমোদন প্রদান

সূত্র: চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৯-১২-২০২৫ খ্রি.১৩.০১.০০০০.০০০.৪০২.৫০. ০০০১.২৫.১২৯২ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রামে কুতুবদিয়া/বহিনোঙ্গারে আগত আমদানিকৃত গমবাহী MV. LOWLANDS PATRASCHÉ জাহাজ হতে গত ২৩-১০-২০২৫ খ্রি. তারিখে স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU চুক্তি মোতাবেক মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারদের লাইটার জাহাজের মাধ্যমে মোট ৪০,০০০ মে.টন গম নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণের জন্য সেভেন সীজ শিপিং লাইন্স ০২-১২-২০২৫ খ্রি. তারিখের SSSL1651LLP4125 নং পত্রে অনুরোধ করেছেন। সহকারী রসায়নবিদ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম পরিদর্শনপূর্বক ৪টি লাইটার চরপাড়া ঘাট, সি-বীচ, চট্টগ্রাম ও সাইলো জেটি, চট্টগ্রাম অবস্থান করেছেন এবং হ্যাচসমূহের অবস্থা যাচাই করে প্রতিবেদন প্রেরণ করেছেন এবং সে অনুযায়ী প্রয়োজনীয় সূচি জারির বিষয়ে প্রস্তাবসহ সূত্রস্থ স্মারকে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম অনুরোধ করেছেন। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং সেভেন সীজ শিপিং লাইন্স এর প্রস্তাব পর্যালোচনা ও জাহাজ ট্র্যাকিং করে ০২ টি লাইটারের মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে খালার জন্য মোট ২,৬৫০ মে.টন ঢালা গম নিম্নোক্তভাবে অনুমোদন প্রদান করা হলো।

ক্র. নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	লাইটার জাহাজের নাম	পরিমাণ (মে.টন)	মন্তব্য
১.	এমভি. শাহজালাল নেভিগেশন লিঃ-মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এমভি. শাহ আলী বোগদাদী (রহ.)	১১০০	
২.	মেসার্স এস.টি. ট্রেডিং ইন্টারন্যাশনাল	এমভি. বিবি ওয়াজেদা	১৫৫০	
		মোট =	২৬৫০	

এমতাবস্থায়, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও সেভেন সীজ শিপিং লাইন্স এর প্রস্তাবমতে এবং ২৩-১০-২০২৫ খ্রি. স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU মোতাবেক MV. LOWLANDS PATRASCHÉ জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম কুতুবদিয়া/বহিনোঙ্গার হতে মোট ২,৬৫০ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহনের উপর্যুক্ত প্রস্তাবের অনুমোদন ও নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য, প্রাপক কেন্দ্রে খালাস শেষ না হওয়া পর্যন্ত সরবরাহকারী ও মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারসহ সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।

নির্দেশনাসমূহ:

১। (ক) নারায়ণগঞ্জ সাইলোর উদ্দেশ্যে মাদারভেসেল থেকে পরিবাহিতব্য গম সাইলোতে প্রাপ্তি না হওয়া পর্যন্ত গমের সকল দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর বর্তাবে এবং Unloading এর ক্ষেত্রে Stevedoring খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এক্ষেত্রে সরকারি কোন অর্থ ব্যয় করা যাবে না;
(খ) নারায়ণগঞ্জ সাইলোতে গম গ্রহণের পূর্বে গমের বিনির্দেশ যথাযথ কি না তা পরীক্ষা করে নিশ্চিত হলে গ্রহণ করতে হবে;
(গ) বিধি মোতাবেক অন্যান্য সকল নিয়মনীতি অনুসরণ করতে হবে।


২। জাহাজ/কোষ্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা যাচাই এর জন্য সার্ভে সার্টিফিকেট, বেক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেট এর মূল/সত্যায়িত কপি এবং চলাচল ও জাহাজ লোডিং সংক্রান্ত যাবতীয় বিষয়াবলি অবলোকন/যাচাইপূর্বক চুক্তির শর্তাবলী ও অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে জাহাজের ধারণক্ষমতাকে আমলে এনে ঢালা গম বোঝাইয়ের পর ভয়েস যাত্রার পূর্বে ভারসাম্য রক্ষার ব্যবস্থা নিতে হবে।

৩। সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইকৃত পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম গম পরিবহণ করবেন। বোঝাই অবস্থায় জাহাজের ফ্রি বোর্ড (Free Board) নিরাপদ মাপে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম রুটে জারিকৃত সূচির ঠিকাদারদের লাইটেনিং এর কার্যক্রম চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সম্পন্ন হবে। এক্ষেত্রে MoU তে উল্লিখিত কুতুবদিয়া ও বহিনোঙ্গারের পরিমাণ সঠিক রেখে লাইটারসমূহের ধারণক্ষমতা বিবেচনা করে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত গম হতে প্রয়োজনে কম/বেশি করে পরিবহণের সূচিকৃত সমুদয় গম পরিবহণের ব্যবস্থা নিবেন।

৫। এই সূচির মেয়াদ (১০ দিনের বেশী নয়) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক নির্ধারিত হবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১০-১২-২০২৫

মোঃ আনিছুর রহমান
সহকারি উপপরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৪২৫৮/১ (৮)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম।
- ৫। সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সেভেন সীজ শিপিং লাইন্স, এস সালাম টাওয়ার, ৫৭, আগ্রাবাদ, চট্টগ্রাম।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১০-১২-২০২৫

মোঃ আনিছুর রহমান
সহকারি উপপরিচালক